# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-08-2025** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিলের নতুন পরীক্ষায় কোন অযোগ্য প্রার্থী যাতে বসতে না পারে এসএসসি-কে তা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

শীর্ষ আদালতের নির্দেশ মতো অযোগ্য প্রার্থীদের তালিকা আজ প্রকাশ করা হতে পারে।

২) শিক্ষক নিয়োগের পাশাপাশি এবার সুপ্রিম কোর্টের নির্দেশে শিক্ষাকর্মী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে এসএসসি।

৩) সিবিআই, এসএসসি গ্রুপ সি নিয়োগ দুর্নীতি মামলায় চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে।

৪) নির্বাচন কমিশন ভোট কেন্দ্রের পুনর্বিন্যাস প্রসঙ্গে রাজনৈতিক দলগুলিকে ৮-ই সেপ্টেম্বর বিকেল পাঁচটার মধ্যে মতামত ও পরামর্শ জমা দিতে বলেছে।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) রাজ্য সরকার পরিবেশবান্ধব সবুজ বাজি তৈরির জন্য রাজ্যজুড়ে ৬-টি ক্লাস্টার গড়ে তুলতে জমি চিহ্নিত করেছে।

৭) সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত ।

মেরামতির জন্যে আগামীকাল বিকেল চারটে পর্যন্ত বন্ধ থাকবে শহীদ খুদিরাম থেকে মহানায়ক উত্তম কুমার পর্যন্ত মেট্রো পরিষেবা ।

oooooooooooooooooooo

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিলের নতুন পরীক্ষায় কোন অযোগ্য প্রার্থী যাতে বসতে না পারে এসএসসি-কে তা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সতীশচন্দ্র শর্মার বেঞ্চ, গতকাল স্পষ্ট জানিয়েছেন, এই পরীক্ষা নির্ধারিত দিনেই নেওয়া হবে। সময়সূচী কোনোভাবেই পরিবর্তন করা হবে না। পরীক্ষার দিন পিছনোর আর্জি খারিজ করে দিয়ে বেঞ্চ বলেছে, এসএসসি ৭ ও ১৪ সেপ্টেম্বর যে সূচী নির্ধারিত করেছে সেই দিনগুলিতেই পরীক্ষা নেওয়া হবে।

এদিকে, শীর্ষ আদালতের নির্দেশ মতো টেন্টেড বা অযোগ্য প্রার্থীদের তালিকা আজ প্রকাশ করা হতে পারে। এসএসসি-র আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় গতকাল আদালতে একথা জানান।

অন্যদিকে, দাগীরা চিহ্নিত হয়ে যাওয়ার পরেও কেন তাঁদের পরীক্ষায় বসতে হবে, সেই প্রশ্ন তুলেছেন যোগ্য চাকরিহারা শিক্ষকরা। ন্যায়বিচারেরও দাবি জানিয়েছেন তাঁরা।

একটি প্রতিবেদন -

( ভয়েসকাস্ট – সুমন মুখোপাধ্যায়)

oooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট আসন্ন SSC পরীক্ষায় ‘স্পেশাল বিএড’-দের আবেদন করার সুযোগ দেওয়ার নির্দেশ দিয়েছে । বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায় গতকাল এক নির্দেশে জানিয়েছেন, বিএড-দের মতই স্পেশাল বিএড-রা, এই পরীক্ষায় আবেদন জানাতে পারবেন।

উল্লেখ্য, বিএড এবং স্পেশাল বিএড, দুটি ডিগ্রিকেই একই মান্যতা দেওয়া হয়। তারই প্রেক্ষিতে স্পেশাল বিএড প্রার্থীদের আবেদন বাতিল করা যাবেনা বলে হাইকোর্টের অভিমত।

oooooooooooooooooooo

শিক্ষক নিয়োগের পাশাপাশি সুপ্রিম কোর্টের নির্দেশে এবার শিক্ষাকর্মী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। সরকারি ও সরকার পোষিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে গ্রুপ সি ও গ্রুপ ডি পদে শিক্ষাকর্মী নিয়োগ নিয়োগ করা হবে।

বিজ্ঞপ্তিতে স্কুল সার্ভিস কমিশন গতকাল জানিয়েছে, গ্রুপ সি ক্লার্ক পদে ২ হাজার ৯৮৯ জন এবং গ্রুপ ডি পদে ৫ হাজার ৪৮৮ টি শূন্য পদে নিয়োগ করা হবে।

১৬ই সেপ্টেম্বর বিকেল পাঁচটা থেকে অনলাইনে আবেদন জানাতে পারবেন প্রার্থীরা। ৩১ অক্টোবর বিকেল পাঁচটা পর্যন্ত আবেদন জানানো যাবে। আবেদনের ফি সহ বিস্তারিত তথ্য কমিশনের ওয়েবসাইটে ৩১ শে আগস্ট জানানো হবে।

উল্লেখ্য, 2016-র এসএসসির নিয়োগের পুরো প্যানেল বাতিল করে দেয় সুপ্রিম কোর্ট। এর ফলে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরি চলে যায়। নতুনভাবে নিয়োগের নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। ইতিমধ্যেই সেই প্রক্রিয়া চলছে। আগামী ৭ ও ১৪ই সেপ্টেম্বর শিক্ষক নিয়োগের পরীক্ষা রয়েছে।

এদিকে, রাজ্য সরকার চাকরি হারানো শিক্ষাকর্মীদের জন্য মাসিক ভাতা দেওয়ার ঘোষণা করলেও আদালত তা খারিজ করে দেয় ।

নিয়োগ বিজ্ঞপ্তি জারি হওয়ায় স্বস্তি ফিরলেও নিয়োগ প্রক্রিয়া নিয়ে প্রশ্ন রয়েছে চাকরিহারাদের মধ্যে ।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো সিবিআই, এসএসসি গ্রুপ সি নিয়োগ দুর্নীতি মামলায় আলিপুর বিশেষ আদালতে চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে । আদালত সুত্রে খবর, চার্জশিটে জমা করা হয়েছে একাধিক ভিডিও ফুটেজ, যেখানে পরিকল্পিতভাবে কীভাবে বিনা পরীক্ষায় পাশ করানো হত, তার বর্ণনা রয়েছে । এই ভিডিয়ো ফুটেজের সত্যতা নিশ্চিত করতে একাধিক অভিযুক্তর কণ্ঠস্বরের নমুনা ফরেনসিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে । এর ফলে মামলার চার্জ গঠনে ও বিচার প্রক্রিয়া শুরু করতে আর বাধা রইল না বলেই আইনজীবীরা মনে করছেন ।

১৭ পৃষ্ঠার চার্জশিটে নতুন করে কারো নাম উল্লেখ করেনি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

উল্লেখ্য গ্রুপ -সি নিয়োগ দুর্নীতি মামলায় তদন্ত শুরুর ৫১ দিনের মাথায় ২০২২ সালে প্রথম চার্জশিট দিয়েছিল সিবিআই। তাতে রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ শিক্ষাদপ্তরের একাধিক আধিকারিকের নাম ছিল ।

০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, ভোট কেন্দ্রের পুনর্বিন্যাস প্রসঙ্গে রাজনৈতিক দলগুলিকে তাদের মতামত দেওয়ার সময়সীমা বাড়িয়েছে। আগামী ৮ই সেপ্টেম্বর বিকেল ৫ টার মধ্যে রাজনৈতিক দলগুলিকে এ প্রসঙ্গে নিজেদের মতামত ও পরামর্শ জমা দিতে বলা হয়েছে। জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো রিপোর্ট নিয়ে বিজেপি, সিপিআইএমের মতো বিভিন্ন রাজনৈতিক দলের আপত্তির প্রেক্ষিতে ই

সময়সীমা বৃদ্ধির এই সিদ্ধান্ত বলে  রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল  জানিয়েছেন।

৮ টি স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর  মুখ্য নির্বাচনী আধিকারিক গতকাল সাংবাদিকদের বলেন, আগামী বিধানসভা নির্বাচনের আগে বিভিন্ন জেলায় **১৩** হাজারের বেশি ভোটগ্রহণ কেন্দ্র বাড়ছে। অধিকাংশ নতুন কেন্দ্র প্রসঙ্গে কোন রাজনৈতিক দল কোন আপত্তি জানায়নি। তবে চার শতাংশের মত বুথ নিয়ে সমস্যার কথা উঠে এসেছে। সেগুলি পর্যালোচনা করে দেখা হবে।

ভোটকেন্দ্রের পুনর্বিন্যাস নিয়ে কংগ্রেস, বিজেপি, সিপিআইএম কংগ্রেস সহ ৮ টি স্বীকৃত রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা হয়গতকালের ওই বৈঠকে।

বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের তরফে একাধিক বিষয় কমিশনের দৃষ্টি আকর্ষণ করা হয়। তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি অরূপ বিশ্বাস বৈঠকের পরে সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, পুনর্বিন্যাসের নামে বহু ভোট কেন্দ্র দূরবর্তী স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। কমিশনের নিরপেক্ষতা নিয়েও তিনি প্রশ্ন তোলেন।

বিজেপির প্রতিনিধি শিশির বাজরিয়া বলেন, ভোট কেন্দ্রের পুনর্বিন্যাস নিয়ে জেলাশাসকেরা কমিশনকে যে রিপোর্ট পাঠিয়েছে তা যথাযথ নয়। পর্যাপ্ত পরিমাণে স্থায়ী কর্মী থাকা সত্ত্বেও ভোটে কারচুপি করার জন্যই  অস্থায়ী কর্মীদের ভোটের কাজে নিযুক্ত করা হচ্ছে। সিপিআইএমের প্রতিনিধি শমিক লাহিড়ীও বুথের পুনর্বিন্যাস নিয়ে জেলাশাসকদের পাঠানো রিপোর্টের তীব্র সমালোচনা করেন। কংগ্রেসের প্রতিনিধিরা বৈঠকে এস আই আর ইস্যু নিয়ে সরব হন।

০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘদিন নিষ্ক্রিয় এবং  অন্যান্য শর্ত পূরণ না করার জন্য কারণ দর্শানোর নোটিশ পাওয়া  **১২** টি রাজনৈতিক দলকে গতকাল  রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে শুনানিতে ডাকা হয়।  **১২** টি  দলের মধ্যে গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট

GNLF, কামতাপুর প্রগ্রেসিভ পার্টি KPP, নির্যাতিতা সমাজ বিপ্লবী পার্টি, পশ্চিমবঙ্গ রাজ্য মুসলিম লীগ সহ ৫ টি দলের প্রতিনিধিরা শুনানিতে অংশ গ্রহন করেন।

তাঁদের দেওয়া তথ্য নির্বাচন কমিশনকে পাঠানো হবে এবং তাদের বৈধতা নিয়ে কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

ooooooooooooooooooo

সাধারনের সুরক্ষা ও নিরাপত্তার কথা মাথায় রেখে রাজ্য সরকার পরিবেশ বান্ধব সবুজ বাজি তৈরির জন্যে রাজ্যজুড়ে ছয়টি ক্লাস্টার গড়ে তুলতে জমি চিহ্নিত করেছে। আসন্ন উৎসবের মরসুমের আগে মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নবান্নে রাজ্যের সব জেলাশাসক, জেলা পুলিশ সুপারদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করেন। একইসঙ্গে কথা

বলেন, বিভিন্ন বাজি বিক্রেতা সমিতির প্রতিনিধি, ক্ষুদ্র ও মাঝারি শিল্প দপ্তর, দূষন নিয়ন্ত্রন পর্ষদের আধিকারিকদের সঙ্গেও। সেখানে শিলিগুড়ি, পূর্ব মেদিনীপুরের পাশকুড়া, পশ্চিম মেদিনীপুর, উত্তর চব্বিশ পরগনার হাবড়া, দক্ষিন চব্বিশ পরগনার চম্পাহাটি এবং হাওড়ার উদয়নারায়নপুরে এই ক্লাস্টারগুলি গড়ে তোলা হবে । এগুলি গড়ে তুলতে ১৪ কোটি টাকা খরচ ধরা হয়েছে। এছাড়াও কলকাতার ইএম বাইপাসে স্থায়ীভাবে একটি আতশবাজির হাব তৈরি করা হবে বলে স্থির করা হয়েছে।

oooooooooooooooooooooo

সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাঁতরাগাছি রেল স্টেশন এর কাছে কোনা এক্সপ্রেসওয়েতে রাস্তায় নতুন স্টিলের বিম প্রতিস্থাপন এবং সাধারণের সুরক্ষায় সেতু সংস্কারের কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতুর ওপর দিয়ে আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত নটা পর্যন্ত কোন যানবাহন চলাচল করবে না । কলকাতা পুলিশের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এই সময়ে সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooo

নতুন কাজের জন্য মেট্রো রেল আগামীকাল ব্লু লাইনের শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তমকুমারের মধ্যে বাণিজ্যিকভাবে ট্রেন পরিষেবা বিকাল চারটে পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। আজ রাত ১১-টা থেকে শহীদ ক্ষুদিরাম স্টেশনে এই কাজ শুরু হবে বলে রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। আগামীকাল মিসলেনিয়াস সার্ভিসের নিয়োগ পরীক্ষা থাকায় সকলা সাতটা থেকে দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তমকুমারের মধ্যে ট্রেন চলাচল শুরু হবে।

অন্যদিকে, হাওড়া ময়দান – সেক্টর ফাইভ করিডরে সকাল ৯-টার পরিবর্তে ৮-টায় ট্রেন চলাচল শুরু হবে বলে মেট্রো জানিয়েছে।

oooooooooooooooooooo

মালদা টাউন স্টেশনে ইয়ার্ড পুনর্গঠন ও ইন্টারলকিং, নন ইন্টারলকিংয়ের কাজ এর জন্য আজ থেকে ৪ঠা সেপ্টেম্বরের মধ্যে ১১৩টি ট্রেন বাতিল করেছে পূর্ব রেল। এই সময়কালে চলাচলকারী বহু গুরুত্বপূর্ণ ট্রেনের সময় পরিবর্তিত হচ্ছে। ঘুরিয়ে দেওয়া হচ্ছে কয়েকটি ট্রেন। বাতিলের তালিকায় রয়েছে, শতাব্দী, তিস্তা-তোর্সা এক্সপ্রেস, কুলিক এক্সপ্রেস, হাটে বাজারে এক্সপ্রেস, কাঞ্চনকন্যা, কাঞ্জনজঙ্ঘা, রাধিকাপুর এক্সপ্রেসের মতো গুরুত্বপূর্ণ ট্রেন।

এছাড়াও মালদহ টাউনগামী একাধিক ট্রেন রামপুরহাট পর্যন্ত চলবে। সময়ের বদল করা হয়েছে কামাখ্যা, রাধিকাপুরের মতো বেশ কিছু ট্রেনের।

ooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের আসানসোল পৌর নিগমের ৫৯ নম্বর ওয়ার্ডের নিয়ামতপুর রহমানপাড়া এলাকায় গতরাতে এক ঠিকা কর্মীকে লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জাভেদ বারি নামে ওই যুবককে জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুই দুষ্কৃতি খুব কাছ থেকে গুলি করে পালিয়ে যায় বলে সিসিটিভ ফুটেজে দেখা গেছে। তাদের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।

oooooooooooooooooooo

পূর্ব বিবাদের জেরে খুনের দায়ে কোচবিহার আদালত এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছে। ২০২৩ সালের চৌঠা মে শ্যামাপ্রসাদ পল্লীর বাসিন্দা ভীম সরকার, পুন্ডিবাড়ি থানার টাকাগাছ এলাকার বাসিন্দা তাপস সরকারের সঙ্গে সংঘর্ষে

জড়িয়ে পড়েন। সে সময় ভীম, টিউবওয়েলের হ্যান্ডেল দিয়ে তাপসকে গুরুতর আঘাত করলে তার মৃত্যু হয়। পুলিশ গ্রেপ্তার করে ভীমকে। দীর্ঘ শুনানির পর গতকাল আদালতে চূড়ান্ত রায়ে বিচারক অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাবাসের নির্দেশ দেন। একই সঙ্গে ১০ হাজার টাকা জরিমানার কথাও বলা হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo